# ষষ্ঠ অধ্যায়: সমাজকর্ম পদ্ধতি

## ★ সমাজকর্ম পদ্ধতির ধারণা ও ধরন

১. সমাজকর্মকে কী বলা হয়? [জ্ঞান]
ক অনুকল্পের বিজ্ঞান খ অনুশাসনের বিজ্ঞান
গ অনুশীলনের বিজ্ঞান ঘ তাত্ত্বিক বিজ্ঞান **গ**

২. 'পদ্ধতি হচ্ছে সচেতন প্রক্রিয়া, সুনির্দিষ্ট লক্ষ্যার্জনের একটি সুপরিকল্পিত উপায়'— উক্তিটি কার? [জ্ঞান]
ক ড. আব্দুল হাকিম খ এইচ বি ট্রেকার
গ ড. আলি আকবর ঘ ম্যারি রিচমন্ড **গ**

৩. *The Social System* গ্রন্থটি কার লেখা? [জ্ঞান]
ক টি.পারসন খ ফ্রিডল্যান্ডার
গ নিমকফ ঘ অগবার্ন **ক**

৪. যে সকল পন্থা অবলম্বন করে সমাজকর্মের জ্ঞান বাস্তবক্ষেত্রে প্রয়োগের মাধ্যমে পেশার অনুশীলন করা হয় সেগুলোকে কী বলে? [জ্ঞান]
ক সমাজকর্মের উৎস খ সমাজকর্মের পদ্ধতি
গ সমাজকর্মের প্রকৃতি ঘ সমাজকর্মের পরিধি **খ**

৫. সমাজকর্মকে সাহায্যকারী পদ্ধতি বলা হয় কেন? [অনুধাবন]
ক তাত্ত্বিক জ্ঞান বাস্তবে প্রয়োগ করে বলে
খ ব্যক্তি, দল ও সমষ্টিকে সাহায্য করে বলে
গ নতুন নতুন জ্ঞানের ক্ষেত্র তৈরি হয় বলে
ঘ সমস্যার স্বরূপ নির্ণয় করে বলে **খ**

৬. সমাজকার্যের মৌলিক ও সহায়ক পদ্ধতি কয়টি? *[সকল বোর্ড-২০১৫]*
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি **ঘ**

৭. সমাজকর্ম একটি বিজ্ঞানভিত্তিক পদ্ধতি। এটি কী প্রমাণ করে? [উচ্চতর দক্ষতা]
ক সমাজকর্মের সুনির্দিষ্ট পদ্ধতি রয়েছে
খ সমাজকর্মের প্রয়োগক্ষেত্র রয়েছে
গ তাত্ত্বিক জ্ঞান রয়েছে
ঘ সমাজকর্মের বৈজ্ঞানিক জ্ঞান রয়েছে **গ**

৮. রতন একটি বিষয় নিয়ে অনার্স করছে, যাতে গবেষণা, জরিপ প্রভৃতির ওপর জোর দেওয়া হয়। উক্ত বিষয় নিচের কোনটিকে নির্দেশ করছে? *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
ক সমাজকর্ম খ মনোবিজ্ঞান
গ অর্থনীতি ঘ রাষ্ট্রবিজ্ঞান **ক**

৯. দল সমাজকর্ম দলীয় সদস্যদের সাহায্য করে— [অনুধাবন]
i. ব্যক্তিগত সমস্যা সমাধানে
ii. দলীয় সমস্যা সমাধানে
iii. সমষ্টিগত সমস্যা সমাধানে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১০. সমষ্টি উন্নয়নে সমষ্টির জনগণের সার্বিক কল্যাণ ও উন্নয়নে সহায়তা করা হয় —[অনুধাবন]
i. জনগণের সম্পদ ও প্রচেষ্টা দ্বারা
ii. সরকারের সম্পদ ও প্রচেষ্টার মাধ্যমে
iii. বিশেষ গোষ্ঠীর সম্পদ ও প্রচেষ্টা ব্যবহার করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ ব্যক্তি সমাজকর্মের ধারণা, উপাদান, ব্যক্তি সমাজকর্মের নীতিমালা

১১. 'ব্যক্তি কর্ম' (Case work) ধারণাটি কত সালে প্রথম ব্যবহৃত হয়? [জ্ঞান]
ক ১৯১০ খ ১৯১১ গ ১৯২০ ঘ ১৯২১ **খ**

১২. ১৯৫৭ সালে ব্যক্তি সমাজকর্মের সংজ্ঞা দিয়েছেন কে? [জ্ঞান]
ক স্কিডমোর খ সুইদান বাওয়ার্স
গ গ্যালাওয়ে ঘ হেলেন হ্যারিস পার্লম্যান **ঘ**

১৩. কোন সময়ে ব্যক্তি সমাজকর্ম নির্দিষ্ট জ্ঞানভাণ্ডারে সমৃদ্ধ হয়ে বিকাশ লাভ করে? [জ্ঞান]
ক ১৯১০ থেকে ১৯২০ সালের মধ্যে
খ ১৯২০ থেকে ১৯৩০ সালের মধ্যে
গ ১৯৩০ থেকে ১৯৪০ সালের মধ্যে
ঘ ১৯৪০ থেকে ১৯৫০ সালের মধ্যে **খ**

১৪. ম্যারি রিচমন্ডের ভাষায় তিনি ব্যক্তি সমাজকর্মকে সমাজকর্মের প্রক্রিয়া হিসেবে প্রতিষ্ঠার জন্য জীবনের কত বছর ব্যয় করেন? [জ্ঞান]
ক ২০ বছর খ ২৫ বছর
গ ৩০ বছর ঘ ৩৫ বছর **খ**

১৫. এইচএইচ পার্লম্যান যে গ্রন্থটি লিখেছেন তার নাম কী? *[ন্যাশনাল আইডিয়াল কলেজ, ঢাকা]*
ক *The Nursery of Human Nature*
খ *Social Work Year Book*
গ *World Community Social Case Work*
ঘ *A Problem Solving Process* **ঘ**

১৬. মক্কেলকে পুনর্বাসনে সহায়তা করে কোনটি? [অনুধাবন]
ক সামাজিক প্রশাসন খ সামাজিক গবেষণা
গ সামাজিক কার্যক্রম ঘ ব্যক্তি সমাজকর্ম **ঘ**

১৭. ব্যক্তি সমাজকর্মের নির্দেশিকা প্রস্তাবের রচয়িতা কে? [জ্ঞান]
ক অধ্যক্ষ কেয়ার্নস
খ ড. আব্দুল হাকিম সরকার
গ মার্শাল ঘ আব্দুল হালিম **খ**

http://teachingbd.com

১৮. সমাজকর্ম অনুশীলনের মৌলিক একক কোনটি? *[নবাব শহিদ স্মৃতি সরকারি কলেজ, কুমিল্লা]*
ক ব্যক্তি খ পরিবার
গ সমাজ ঘ রাষ্ট্র ক

১৯. ব্যক্তি সমাজকর্মে একজন ব্যক্তির মক্কেল হওয়ার পূর্বশর্ত কী? [অনুধাবন]
ক পেশাদার প্রতিনিধি হওয়া
খ চরম সাহসী হওয়া গ প্রতিবন্ধী হওয়া
ঘ সমস্যাগ্রস্ত হওয়া ঘ

২০. ব্যক্তি ও সমস্যা ব্যক্তি সমাজকর্মের কোন ধরনের উপাদান? [অনুধাবন]
ক নিজস্ব প্রধান উপাদান
খ অভ্যন্তরীণ উপাদান
গ মনস্তাত্ত্বিক উপাদান
ঘ বাহ্যিক উপাদান ঘ

২১. মক্কেলের সমস্যা সমাধান থেকে শুরু করে এজেন্সি পরিচালনা, পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে কার তাৎপর্যপূর্ণ অবদান আছে? [জ্ঞান]
ক মক্কেলের
খ সরকারি প্রতিনিধির
গ পেশাদার প্রতিনিধির
ঘ বেসরকারি প্রতিনিধির গ

২২. ব্যক্তি সমাজকর্মে মক্কেলের সমস্যার সমাধান করা হয় কী অনুসারে? [জ্ঞান]
ক সমস্যার ধরন খ সামাজিক রীতি অনুসারে
গ ব্যক্তি অনুসারে ঘ প্রক্রিয়া অনুসারে ঘ

২৩. ব্যক্তি সমাজকর্ম একটি সাহায্য প্রক্রিয়া যার মাধ্যমে সমস্যাগ্রস্ত ব্যক্তি —— [অনুধাবন]
i. সুপ্ত ক্ষমতার বিকাশ সাধন করে
ii. সমস্যা মোকাবিলা করে
iii. পরিবেশের সাথে সামঞ্জস্য বিধান করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

২৪. মিনতী রায় মনস্তাত্ত্বিক সমস্যায় আক্রান্ত। তার ক্ষেত্রে পরিলক্ষিত হয় —— [প্রয়োগ]
i. ব্যক্তিত্বের বিপর্যয়
ii. ব্যক্তির অভ্যন্তরীণ দ্বন্দ্ব
iii. অর্থনৈতিক বিপর্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ক

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:
প্রত্যন্ত অঞ্চলের একটি স্কুলের শিক্ষার্থীরা স্কুলে আসে না। সেখানে গ্রামের মানুষ গরু বেঁধে রাখে। আবার, ঢাকা শহরের একটি গার্লস স্কুলের সামনে ইভটিজাররা প্রায়ই মেয়েদের উত্যক্ত করে। *[সকল বোর্ড-২০১৬]*

২৫. উদ্দীপকে উল্লিখিত গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা সমাধানে সমাজকার্যের কোন পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে?
ক ব্যক্তি সমাজকার্য খ দল সমাজকার্য
গ সমষ্টি উন্নয়ন ঘ সমষ্টি সংগঠন ক

২৬. উদ্দীপকে উল্লিখিত উভয় স্কুলের সমস্যা সমাধানে প্রথমেই—
i. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেয়া যেতে পারে
ii. শিক্ষার্থীদের বাবা মাকে সচেতন করা যেতে পারে
iii. সমাজে গণ্যমান্য লোকদের সচেতন করা যেতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

## ★★ ব্যক্তি সমাজকর্মে সমস্যাগ্রস্ত ব্যক্তির সমস্যা সমাধান প্রক্রিয়া

২৭. মক্কেলের সাথে প্রথম সাক্ষাৎ থেকে শুরু করে তার সম্পর্কে সম্পূর্ণভাবে না জানা পর্যন্ত কোন নীতি প্রয়োগ করা হয়? [জ্ঞান]
ক ভিন্নধর্মী নীতি খ সাধারণ নীতি
গ গৌণ নীতি ঘ গ্রহণ নীতি ঘ

২৮. সমস্যার প্রকৃতি, পরিস্থিতি ও প্রয়োজন মোতাবেক সমস্যা নির্ণয়কে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়? *[কুমারখালী ডিগ্রী কলেজ, কুষ্টিয়া]*
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি ক

২৯. ব্যক্তি সমাজকর্ম প্রক্রিয়া হলো সমস্যা সমাধানের একটি প্রক্রিয়া যেখানে সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিকভাবে পদ্ধতির প্রয়োগ করা হয়। উক্তিটি কার? [জ্ঞান]
ক H H Perlman খ Marry Richmond
গ W A Fridlander ঘ H B Tracker ক

৩০. গোপনীয়তা রক্ষা, ব্যক্তি মর্যাদার স্বীকৃতি, যোগ্যতার মূল্যায়ন, ব্যক্তি স্বাধীনতা প্রদান এগুলো কোন পদ্ধতির নীতি? *[দিনাজপুর সরকারি মহিলা কলেজ]*
ক ব্যক্তি সমাজকর্মের খ দল সমাজকর্মের
গ সমষ্টি উন্নয়নের ঘ সামাজিক কার্যক্রমের ক

৩১. তথ্য সংগ্রহে কোনটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উৎস? [জ্ঞান]
ক দল খ সমষ্টি গ সমাজ ঘ ব্যক্তি ঘ

৩২. ব্যক্তি সমাজকর্মে সমস্যা সমাধানের প্রথম স্তর কোনটি? [জ্ঞান]
ক সমস্যা নির্ণয় খ অনুধ্যান
গ সমাধান ঘ সমাপ্তি খ

http://teachingbd.com

৩৩. ব্যক্তি সমাজকর্মের আত্মনিয়ন্ত্রণ নীতির মূল কথা হলো— [অনুধাবন]
ক সমাজকর্মীর নিজের হস্তক্ষেপের ওপর গুরুত্ব প্রদান
খ মক্কেলের স্বাধীন পছন্দ ও সিদ্ধান্ত গ্রহণের স্বীকৃতি
গ সমস্যা সমাধানের পরিবেশ উন্নয়ন ও নিয়ন্ত্রণ
ঘ সমাজকর্মের নীতি ও কৌশল প্রয়োগ নীতির নিয়ন্ত্রণ — খ

৩৪. ব্যক্তির অন্তর্নিহিত ক্ষমতা বিকাশের লক্ষ্যে তার আচরণের পরিবর্তনে সাহায্য নেওয়া হয়ে থাকে কোন পদ্ধতিতে? [অনুধাবন]
ক বৈষয়িক সাহায্যদান পদ্ধতি
খ সংশোধনমূলক পদ্ধতি
গ প্রতিরোধমূলক পদ্ধতি
ঘ প্রতিকারমূলক পদ্ধতি — খ

৩৫. কোন স্তরের মাধ্যমে সমস্যা সমাধানের আনুষ্ঠানিক পরিসমাপ্তি ঘটে? [জ্ঞান]
ক সমস্যা নির্ণয় খ অনুধ্যান
গ মূল্যায়ন ঘ সমাপ্তি — ঘ

৩৬. সমাজকর্ম সমস্যা সমাধানে নৃতাত্ত্বিক পদ্ধতি গ্রহণ করে কেন? *[ফেনী সরকারি কলেজ, ফেনী]*
ক মানুষের আচরণ বিশ্লেষণের জন্য
খ মানুষের দৈনন্দিন কার্যকলাপ বিশ্লেষণ
গ শহরায়নজনিত সমস্যা সমাধানে
ঘ সমস্যা সমাধানে বস্তুনিষ্ঠ তথ্য সংগ্রহে — ক

৩৭. সামগ্রিক দৃষ্টিভঙ্গি বলতে কী বোঝ? *[আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজ, চাঁদপুর]*
ক সমস্যার ধরন বিশ্লেষণ করে সেবাদান
খ ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের সেবাদান
গ সমাজস্থ বিভিন্ন দলকে নিরীক্ষণ পূর্বক সেবাদান
ঘ কোনোটিই নয় — ক

৩৮. ব্যক্তি সমাজকর্মের কোন নীতিতে প্রত্যেক ব্যক্তির সমস্যাকে আলাদাভাবে মূল্যায়ন করে? *[জালালাবাদ কলেজ, সিলেট]*
ক যোগাযোগ নীতি খ গ্রহণ নীতি
গ সাধারণ নীতি ঘ ব্যক্তি স্বাতন্ত্রীকরণ — ঘ

৩৯. সমস্যা নির্ণয় করার জন্যে যে মুখ্য পদক্ষেপ গ্রহণ করতে হয় তার মধ্যে রয়েছে — [অনুধাবন]
i. সমস্যার পরিমাপ
ii. উৎপত্তি ও পরিমিত অবস্থার মধ্যকার সম্পর্ক
iii. সমস্যা নির্ণয়ের শ্রেণিবিভাগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৪০. জুয়েল সাহেব একজন সমাজকর্মী। ব্যক্তির সাথে সম্পর্ক স্থাপনে জুয়েল সাহেবের লক্ষ্য হলো— *[ঝালকাঠি সরকারি কলেজ, ঝালকাঠি]*
i. মক্কেলের সমস্যা সমাধানে সহায়তা করা
ii. সমস্যা সংক্রান্ত সকল তথ্য সংগ্রহ
iii. মক্কেলের মাঝে আত্মবিশ্বাস সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

## ★★ সমস্যাগ্রস্ত ব্যক্তির সাথে সমাজকর্মীর সম্পর্ক (র‍্যাপো) ও ব্যক্তি সমাজকর্মে এর গুরুত্ব এবং ব্যক্তি সমাজকর্মের প্রয়োগক্ষেত্র

৪১. 'এই সম্পর্ক সমগ্র ব্যক্তি সমাজকর্ম প্রক্রিয়ার মাধ্যমেও হতে পারে যার দক্ষতা অন্তর্বর্তীকালীন অবস্থা, অনুধ্যান, সমস্যা নির্ণয় ও সমাধানের ক্ষেত্রে প্রভাব রাখে।' উক্তিটি কার? [জ্ঞান]
ক Henry S Mass খ Biestek
গ Gordon Hamilton ঘ Earl Eubank — খ

৪২. 'র‍্যাপো হলো সমাজকর্ম সাক্ষাৎকারের সাদৃশ্য, সামঞ্জস্য ও সহমর্মিতাপূর্ণ অবস্থা যা সাহায্যার্থী ও সমাজকর্মীর মধ্যে পারস্পরিক উপলব্ধি ও কার্যকর সম্পর্ক স্থাপন করে।'— উক্তিটি কার? [জ্ঞান]
ক এনসাইক্লোপেডিয়া খ গর্ডন হ্যামিলটন
গ সমাজকর্ম অভিধান ঘ হেরি এস মাস — গ

৪৩. ব্যক্তি সমাজকর্মের সফলতা কীসের ওপর নির্ভর করে? *[বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]*
ক পেশাগত সম্পর্কের খ পারিবারিক বন্ধনের
গ সামাজিক মর্যাদার ঘ বংশীয় মর্যাদার — ক

৪৪. পারস্পরিক গ্রহণের মাধ্যমে ব্যক্তি সমাজকর্মে মক্কেল ও সমাজকর্মীর মাঝে কীসের সূচনা হয়? *[এসওএস হারমেন মেইনার কলেজ, মিরপুর, ঢাকা]*
ক দ্বন্দ্বের খ আন্তরিকতার
গ পেশাগত সম্পর্কের ঘ মনোমালিন্যের — গ

৪৫. অপরাধ ও কিশোর অপরাধ সংশোধনে বাংলাদেশের কয়টি জেলায় সংশোধনমূলক কর্মসূচি চালু আছে? [জ্ঞান]
ক ১২টি খ ১৭টি গ ২৩টি ঘ ২৭টি — গ

৪৬. বাংলাদেশের পল্লী উন্নয়ন কর্মসূচির সফলতা বহুলাংশে নির্ভর করে কোনটির ওপর? [অনুধাবন]
ক কেন্দ্রীয় নেতৃত্বের ওপর
খ স্থানীয় ধনী ব্যক্তিদের ওপর
গ স্থানীয় নেতৃত্বের ওপর
ঘ স্থানীয় বিচার ব্যবস্থার ওপর — গ

৪৭. কোন পদ্ধতির মাধ্যমে মাদকাসক্তি, নৈতিক মূল্যবোধ ও অবক্ষয়জনিত সমস্যা দূর করা যায়? [জ্ঞান]
ক সামাজিক দল খ সামাজিক নীতি
গ সমষ্টি সমাজকর্ম ঘ ব্যক্তি সমাজকর্ম — ঘ

http://teachingbd.com

৪৮. বাংলাদেশের ব্যক্তি সমাজকর্মের ওপর ভিত্তি করে যে পুনর্বাসন কর্মসূচির চালু আছে তার নাম কী? [প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ]
ক পঙ্গু কল্যাণ কর্মসূচি
খ প্রতিবন্ধী কর্মসূচি
গ প্রতিবন্ধী কল্যাণ কর্মসূচি
ঘ অন্ধ উন্নয়ন কর্মসূচি **গ**

৪৯. র‍্যাপো স্থাপন প্রক্রিয়ার মধ্যে সমাজকর্মী ও সাহায্যার্থী উভয়ের যেসব বিষয় বিশেষভাবে অন্তর্ভুক্ত তার মধ্যে রয়েছে— [অনুধাবন]
i. মনোভাব ii. প্রত্যাশা iii. প্রেষণা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫০. পল্লি উন্নয়নে ব্যক্তি সমাজকর্ম ভূমিকা পালন করে— [অনুধাবন]
i. সঠিক নেতা নির্বাচনে
ii. নেতাদের মাঝে নেতৃত্বের বিকাশের মাধ্যমে
iii. স্থানীয় ও কেন্দ্রীয় নেতৃত্বের মাঝে সংযোগ স্থাপন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**★★ দল সমাজকর্ম: দলের ধারণা, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ**

৫১. বয়স্কাউট, গার্লস গাইড, ওয়াই এম সি এ, সেটেলমেন্ট হাউস, ওয়াই ডাব্লিউ সি এ —এগুলো কী? [জ্ঞান]
ক দল কর্মসংস্থা খ সমাজ কর্মসংস্থা
গ বিশেষায়িত প্রতিষ্ঠান ঘ মানবাধিকার সংস্থা **ক**

৫২. 'দল হচ্ছে এমন একটা সামাজিক কাঠামো যেখানে ব্যক্তিত্বের বিকাশ সাধিত হয়।' কার উক্তি? [জ্ঞান]
ক উইলসন এবং রাইল্যান্ড খ ম্যাকাইভার ও পেজ
গ বোগার্ডাস ঘ ডেভিড পপেনো **গ**

৫৩. দলের কোন বৈশিষ্ট্যের মাধ্যমে সদস্যদের পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা বৃদ্ধি করে দলে গতিশীলতা সৃষ্টি করে? [অনুধাবন]
ক দলীয় বন্ধন খ দলীয় কাঠামো
গ পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া
ঘ সাধারণ উদ্দেশ্য ও লক্ষ্য **গ**

৫৪. 'প্রাথমিক দল বলতে আমরা বুঝি এমন এক মুখোমুখি দল যেখানে আমরা পরস্পর নিবিড়ভাবে আবদ্ধ থাকি।' কার উক্তি? [জ্ঞান]
ক সি এইচ কুলি খ জি ডি এইচ কোল
গ বোগার্ডাস ঘ ম্যাকাইভার **ক**

৫৫. প্রাথমিক দলকে '*The nursery of human nature*' বলে অভিহিত করেছেন কে? [মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা]
ক ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার খ এইচ এইচ পার্লম্যান
গ সিএইচ কুলি ঘ ম্যারি রিচমন্ড **গ**

৫৬. প্রাথমিক ও গৌণ দলের মধ্যবর্তী দলকে কী বলে? [জ্ঞান]
ক দীর্ঘস্থায়ী দল খ ক্ষণস্থায়ী দল
গ প্রাতিষ্ঠানিক দল ঘ অন্তর্বর্তী দল **ঘ**

৫৭. সামাজিক দলের বৈশিষ্ট্যের মাঝে রয়েছে— [অনুধাবন]
i. সাধারণ লক্ষ্য ও উদ্দেশ্য
ii. পারস্পরিক সম্পর্ক iii. নির্দিষ্ট দলীয় কাঠামো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৮. সামাজিক দলের বৈশিষ্ট্য হিসেবে দলীয় আদর্শ ও মূল্যবোধের কাজ হলো— [অনুধাবন]
i. দলকে আলাদা সত্তা দান করা
ii. দলের সদস্যদের আচরণ নিয়ন্ত্রণ করা
iii. দলের উদ্দেশ্য সম্পর্কে সদস্যদের সচেতন করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৫৯. প্রাথমিক দলের প্রধান বৈশিষ্ট্য হলো— [অনুধাবন]
i. ব্যক্তিগত জীবনযাপনের সাথে সংশ্লিষ্ট
ii. অধিকার ও কর্তব্য নির্ধারিত ও সীমিত
iii. সামাজিক সম্পর্ক সবচেয়ে ঘনিষ্ঠ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**★★ দল সমাজকর্মের ধারণা, উপাদান ও নীতিমালা, দলীয় সমস্যা সমাধান প্রক্রিয়া ও দল সমাজকর্ম প্রক্রিয়া**

৬০. গঠনমূলক দলীয় অভিজ্ঞতার মাধ্যমে ব্যক্তিকে সামাজিক ভূমিকা পালনে সহায়তা করে কোন পদ্ধতি? [জ্ঞান]
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সমষ্টি সংগঠন ও উন্নয়ন
ঘ সামাজিক প্রশাসন **খ**

৬১. দলীয় সদস্যদের পারস্পরিক মিথস্ক্রিয়াকে উদ্দেশ্যমূলকভাবে পরিচালিত ও নিয়ন্ত্রিত করাকে কী বলে? [জ্ঞান]
ক দল ও ব্যক্তি সমাজকর্ম প্রক্রিয়া
খ দল সমাজকর্ম প্রক্রিয়া
গ ব্যক্তি সমাজকর্ম প্রক্রিয়া
ঘ সমষ্টি সমাজকর্ম প্রক্রিয়া **খ**

৬২. সমাজকর্মী ও দল উভয়ে পরস্পরকে কীভাবে গ্রহণ করবে তার ওপর কোনটি নির্ভরশীল? [উচ্চতর দক্ষতা]
ক ব্যক্তি সম্পর্ক খ কর্মী সম্পর্ক
গ ব্যক্তি-দল সম্পর্ক ঘ কর্মী-দল সম্পর্ক **ঘ**

http://teachingbd.com

৬৩. জনাব শিহাব এমন একটি সংগঠন গড়ে তোলেন, যার নীতি ও কাঠামো পরিবর্তিত পরিস্থিতিতে পরিবর্তন করা সম্ভব। এটি দলের কোন নীতিকে ধারন করেছে? [প্রয়োগ]
ক নমনীয় কার্যসংস্থান নীতি
খ মূল্যায়ন নীতি
গ দলের আত্মনিয়ন্ত্রণ অধিকার নীতি
ঘ সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ নীতি
ক

৬৪. অনেক মতামত বা প্রস্তাব গ্রহণ করে সমস্যা সমাধানে সদস্যদের চিন্তা-চেতনার অনুশীলনকে প্রশস্ত করা দলীয় সমস্যা সমাধান প্রক্রিয়ার কোন ধাপের মূল লক্ষ্য? [অনুধাবন]
ক সমস্যা সুনির্দিষ্টিকরণ
খ সমস্যা বিশ্লেষণ
গ সম্ভাব্য সমাধান নির্ধারণ
ঘ সর্বোত্তম সমাধান নির্বাচন
গ

৬৫. 'যখন দল সমাজকর্মী দলীয় সদস্যদের ব্যক্তিগত ও দলীয় উন্নয়নে, দলীয় মিথস্ক্রিয়াকে সচেতনভাবে পরিচালিত করে তখন দল সমাজকর্ম প্রক্রিয়া কার্যকর হয়'। দল সমাজকর্ম প্রক্রিয়ার এ সংজ্ঞাটি কে প্রদান করেন? [জ্ঞান]
ক ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
খ আর্ল ইউব্যাংক
গ এইচ বি ট্রেকার
ঘ রবার্ট ডি. ভিন্টার
গ

৬৬. দল সমাজকর্ম প্রক্রিয়ায় কোনটির মাধ্যমে দলীয় সদস্যদের কার্যকর ও গঠনমূলক মিথস্ক্রিয়ায় ক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টা চালানো হয়? (জ্ঞান)
ক উন্নয়নমূলক প্রক্রিয়ার মাধ্যমে
খ আপোষমূলক প্রক্রিয়ার মাধ্যমে
গ প্রতিশোধমূলক প্রক্রিয়ার মাধ্যমে
ঘ প্রতিকারমূলক প্রক্রিয়ার মাধ্যমে
ক

৬৭. দল সমাজকর্ম প্রক্রিয়ায় দলীয় সমাজকর্মীর সাহায্যার্থীকে সেবাদানের ক্ষেত্রে তৃতীয় পদক্ষেপ বা ধাপ হবে কোনটি? [অনুধাবন]
ক অনুসন্ধান খ সমস্যা নির্ণয়
গ সমাধান ঘ মূল্যায়ন
গ

৬৮. দলীয় কর্মকাণ্ডে কার ভূমিকা সবচেয়ে বেশি? [মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ]
ক সাহায্যার্থীর খ সমষ্টি সমাজকর্মীর
গ ব্যক্তি সমাজকর্মীর ঘ দল সমাজকর্মীর
ঘ

৬৯. দল সমাজকর্ম সমাধান বলতে বোঝায়— [অনুধাবন]
i. দলের সুপরিকল্পিত গঠন ও বিকাশ
ii. পারস্পরিক মিথস্ক্রিয়া নিয়ন্ত্রণ
iii. দলীয় কর্মসূচি নিরূপণ ও বাস্তবায়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ঘ

৭০. দল সমাজকর্মে দলের আত্মনিয়ন্ত্রণের অধিকার নীতিতে সমাজকর্মীর ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো— [ক্যান্টনমেন্ট কলেজ, যশোর]
i. নিজের মতামত দলের ওপর চাপাবেন না
ii. নিজের মতামত দলকে মানতে বাধ্য করবেন
iii. সকল ধরনের সিদ্ধান্ত গ্রহণে দলকে সহায়তা করবেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
খ

## ★★ দল সমাজকর্মীর ভূমিকা, দল সমাজকর্মের প্রয়োগক্ষেত্র

৭১. দল সমাজকর্মী দলের সকলের মতামত ও পছন্দকে গুরুত্ব দিয়ে গণতান্ত্রিক উপায়ে সিদ্ধান্ত গ্রহণ করে কীসের ভূমিকায় অবতীর্ণ হয়? [জ্ঞান]
ক পেশাদার সমাজকর্মীর
খ উন্নয়নকর্মীর
গ পর্যবেক্ষণকারীর ঘ সংগঠকের
গ

৭২. দলের প্রত্যক্ষ ও পরোক্ষ সম্পদ খুঁজে বের করে তার সর্বোত্তম ব্যবহারের নিশ্চয়তা দান করে দলকে সহায়তা করা কার অন্যতম কাজ? [চাঁদপুর সরকারি কলেজ]
ক দলীয় সদস্যদের খ দল সমাজকর্মীর
গ সমাজবিজ্ঞানীর ঘ মনোবিজ্ঞানীর
খ

৭৩. বাংলাদেশে কৃষিক্ষেত্রে কীভাবে দল সমাজকর্ম পদ্ধতি প্রয়োগের মাধ্যমে কৃষকদের উন্নয়নের সাথে কৃষিক্ষেত্রে উন্নয়ন সাধন করা যায়? [অনুধাবন]
ক পরিকল্পিত দল গঠন করে
খ লাগসই পদ্ধতি প্রয়োগ করে
গ কুসংস্কার দূরীভূত করে
ঘ শিক্ষার হার বৃদ্ধি করে
ক

৭৪. সমাজকর্মী নিলা মহিলাদের নিয়ে দল গঠনের মাধ্যমে সামাজিক শিক্ষা ও প্রশিক্ষণ দান করে উৎপাদনমুখী জনশক্তি হিসেবে গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। এটি দল সমাজকর্মের কোন ধরনের কাজ? [প্রয়োগ]
ক মহিলাবিষয়ক খ গঠনমূলক
গ নারী কল্যাণমূলক ঘ পুনর্বাসনমূলক
গ

৭৫. দল সমাজকর্মী যেভাবে দলীয় আন্তঃক্রিয়া করে থাকেন— [উচ্চতর দক্ষতা]
i. সদস্যদের মাঝে সহযোগিতার মনোভাব তৈরি করে
ii. দলের সদস্যদের মধ্যে Fellow-feeling সৃষ্টি করে
iii. দলের মাঝে প্রতিযোগিতার মনোভাব বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

৭৬. মানব সম্পদ উন্নয়নে দল সমাজকর্মের প্রয়োগ হতে পারে— [অনুধাবন]
i. পরিকল্পিত উপায়ে দল গঠনের মাধ্যমে
ii. সদস্যদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদান করে
iii. ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

Teachingbd.com
http://teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও:
ফরহাদ একটি দলের সদস্য। কিন্তু সে দলের সদস্যদের সাথে মানিয়ে চলতে পারছে না। এক্ষেত্রে জনাব 'ক' তাকে সাহায্য করেন। এছাড়া জনাব 'ক' দলের সদস্যদের যোগ্যতা ও আগ্রহের ওপর ভিত্তি করে সদস্যদের দায়িত্ব ও ভূমিকা নির্ধারণ করে দেন।

৭৭. জনাব 'ক' এর সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে? [প্রয়োগ]
ক শিক্ষক খ চিকিৎসক
গ আইনজীবী ঘ দল সমাজকর্মী **ঘ**

৭৮. জনাব 'ক' এর ভূমিকা— [উচ্চতর দক্ষতা]
i. দলীয় লক্ষ্য অর্জনে সহায়ক হবে
ii. দলের সদস্যদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখবে
iii. দলের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ সমষ্টি ও সমষ্টির প্রকৃতি, সমষ্টি সমাজকর্ম ও এর শ্রেণিবিভাগ

৭৯. 'জনসমষ্টি বলতে সেই জনগোষ্ঠীকে বোঝায় যার সদস্যগণ দৈনন্দিন কার্যাবলি পরিচালনার ভিত্তি হিসেবে একই ভৌগোলিক এলাকার অংশীদার।' সংজ্ঞাটি কে দিয়েছেন? [জ্ঞান]
ক আর এম ম্যাকাইভার খ টি পারসন
গ এইচ বি ট্রেকার ঘ জি কনোপকা **খ**

৮০. সমষ্টির সমস্যা মোকাবিলা, চাহিদা পূরণ ও উন্নয়নের জন্যে সমাজকর্ম যে বিজ্ঞানভিত্তিক প্রচেষ্টা চালায় তাকে কী বলে? [জ্ঞান]
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সমষ্টি সমাজকর্ম ঘ সমাজকর্ম প্রশাসন **গ**

৮১. 'জনসমষ্টি সংগঠন' হচ্ছে এমন একটি সমাজকর্ম প্রক্রিয়া যার মাধ্যমে কোনো ভৌগোলিক এলাকায় সমাজকল্যাণ প্রয়োজন ও সম্পদের মাঝে ফলপ্রসূ সামঞ্জস্য বিধান করা হয়।' কে বলেছেন? [জ্ঞান]
ক আর এম ম্যাকাইভার
খ আর্থার ডানহাম গ ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
ঘ মারি জি রস **গ**

৮২. অপেক্ষাকৃত উন্নত ও সুসংগঠিত সমষ্টিতে প্রয়োগ করা হয় কোনটি? [হাজী মুহাম্মদ মহসীন সরকারি কলেজ, চট্টগ্রাম]
ক সমষ্টি সংগঠন খ সমষ্টি উন্নয়ন
গ ব্যক্তি সমাজকর্ম ঘ দল সমাজকর্ম **ক**

৮৩. '*Community Organization; Theory and Practice*' গ্রন্থটি কার? [সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা]
ক M G Ross খ Biestek
গ Gordon Hamilton ঘ Henry S Mass **ক**

৮৪. কোন সমষ্টির উন্নয়ন নিঃসন্দেহে সামগ্রিকভাবে জাতীয় উন্নয়ন ও অগ্রগতির পূর্বশর্ত? [জ্ঞান]
ক স্থানীয় খ দলীয়
গ জাতীয় ঘ আন্তর্জাতিক **ক**

৮৫. কোনটির মাধ্যমে উন্নত ও সুখী সমাজ গঠন করা সমাজকর্মের অন্যতম উদ্দেশ্য? [দনিয়া কলেজ, ঢাকা]
ক সুসংগঠিত সেবার মাধ্যমে
খ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে
গ আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে
ঘ অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে **ক**

৮৬. সমষ্টি সমাজকর্মের অংশগ্রহণ নীতি হল— [নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ]
ক সমষ্টির উন্নয়ন কর্মসূচিতে জনতার অংশগ্রহণ
খ সমষ্টির উন্নয়ন বাধাগ্রস্ত করতে জনতার অংশগ্রহণ
গ সমষ্টির উন্নয়নে ঘরে বসে থাকা
ঘ সমষ্টির প্রয়োজনের প্রতি গুরুত্ব না দেয়া **ক**

৮৭. কোন সমষ্টির উন্নয়ন নিঃসন্দেহে সামগ্রিকভাবে জাতীয় উন্নয়ন ও অগ্রগতির পূর্বশর্ত? [সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর]
ক স্থানীয় খ দলীয়
গ জাতীয় ঘ আন্তর্জাতিক **ক**

৮৮. সমষ্টি সমাজকর্মের বিশেষ কাজ হলো— [অনুধাবন]
i. সমষ্টির প্রয়োজন ও সমস্যা চিহ্নিতকরণ
ii. সম্পদ ও সামর্থ্যের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা
iii. কার্যক্রমভিত্তিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮৯. আর্থ-সামাজিক অগ্রগতি ও উন্নয়নের জন্যে বর্তমানকালে সমষ্টি উন্নয়ন ব্যাপকভাবে ব্যবহৃত হয়— [অনুধাবন]
i. অনুন্নত দেশসমূহে ii. উন্নয়নশীল দেশসমূহে
iii. উন্নত দেশের অনুন্নত এলাকায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

## ★★ সমষ্টি সমাজকর্মের উপাদান ও সাধারণ নীতিমালা

৯০. সাহায্যনির্ভর সেবাদান কার্যক্রম পরিচালনা করে কোনটি? [জ্ঞান]
ক গৌণ প্রতিষ্ঠান খ সরকারি প্রতিষ্ঠান
গ মুখ্য প্রতিষ্ঠান ঘ বেসরকারি প্রতিষ্ঠান **ক**

৯১. সমষ্টির সামাজিক, অর্থনৈতিক উন্নতি ও অগ্রগতির জন্য স্থানীয় জনগণ ও সরকারের যৌথ প্রচেষ্টায় নাম কী? [জ্ঞান]
ক সমষ্টি সংগঠন খ সমষ্টি সমাজকর্ম
গ সমষ্টি উন্নয়ন ঘ দল সমাজকর্ম **গ**

৯২. কোন নীতির মাধ্যমে সকল সমষ্টি ও সমষ্টির সকল জনগণের মূল্য ও মর্যাদার স্বীকৃতি দান করা হয়? [জ্ঞান]
ক সমষ্টির স্বাতন্ত্রীকরণ নীতি
খ আত্মনিয়ন্ত্রণাধিকার নীতি
গ যোগাযোগ নীতি
ঘ মর্যাদার স্বীকৃতি দান নীতি **ঘ**

http://teachingbd.com

৯৩. দিলারা জামান সমষ্টির জনগণের বিভিন্ন কর্মসূচিতে পারস্পরিক সহযোগিতার মনোভাব বৃদ্ধি করতে কাজ করছেন। তিনি কোন নীতি অনুসরণ করেছেন— [প্রয়োগ]
ক সকলের অংশগ্রহণ নীতি
খ সামাজিক ঐক্য ও সহযোগিতার নীতি
গ সমান সুযোগের নীতি
ঘ সমন্বয় সাধন নীতি **খ**

৯৪. সমাজকর্মী বিভিন্ন সংস্থা হতে নিয়োগ প্রাপ্ত হয়ে কাজ করে থাকে— [অনুধাবন]
i. সমষ্টির সামগ্রিক উন্নয়নে
ii. সদস্যদের সাথে সম্পর্ক স্থাপনে
iii. পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়নে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৯৫. সমষ্টি সংগঠন হলো সুপরিকল্পিত ও সুচিন্তিতভাবে— [অনুধাবন]
i. কোনো নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় জনগণের চাহিদা চিহ্নিতকরণ প্রক্রিয়া
ii. সমষ্টি সম্পদের মাঝে সুসামঞ্জস্য বিধানের প্রক্রিয়া
iii. কোনো নির্দিষ্ট ভৌগোলিক এলাকার অর্থনৈতিক উন্নতি বিধানের প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৯৬. সকলের অংশগ্রহণ নীতির প্রয়োগ করা হয়— [অনুধাবন]
i. উন্নয়ন ও সেবামূলক তৎপরতার ক্ষেত্রে
ii. সমাজকল্যাণমূলক কার্যক্রমে সমষ্টির জনগণের অংশগ্রহণ নিশ্চিত করলে
iii. সমাজের অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ সমষ্টি উন্নয়ন প্রক্রিয়া, সমষ্টি উন্নয়ন ও সমষ্টি সংগঠনের প্রয়োগক্ষেত্র

৯৭. '*Case Histories in Community Organization*' গ্রন্থটি কার? [জ্ঞান]
ক M G Ross খ W A Friedlander
গ H H Perlman ঘ Marry Richmond **ক**

৯৮. অনুন্নত ও স্থবির সমাজের পরিকল্পিত পরিবর্তন আনয়নের প্রক্রিয়া হলো— [জ্ঞান]
ক দল সমাজকর্ম খ সমষ্টি সংগঠন
গ সমষ্টি উন্নয়ন ঘ সামাজিক কার্যক্রম **গ**

৯৯. কোনো সমাজবদ্ধ বিষয়ের প্রণালিবদ্ধ অনুসন্ধানকে কী বলে? [জ্ঞান]
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সামাজিক গবেষণা ঘ সমষ্টি উন্নয়ন **ঘ**

১০০. যে সমষ্টির জনগণ তাদের সমস্যা সম্পর্কে জ্ঞাত কিন্তু সমস্যার সংশ্লিষ্ট কারণ ও সমাধান সম্পর্কে অজ্ঞ সেখানে কোন প্রক্রিয়া প্রয়োগ করা হয়? [জ্ঞান]
ক একক প্রক্রিয়া
খ বহুমুখী প্রক্রিয়া
গ উদ্ভাবনমূলক প্রক্রিয়া
ঘ পরিকল্পনামূলক প্রক্রিয়া **ঘ**

১০১. '*Introduction to Social Welfare*' গ্রন্থটির লেখক কে? [জ্ঞান]
ক ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
খ আর্থার ডানহাম
গ মারি জি রস ঘ এইচ বি ট্রেকার **ক**

১০২. সমষ্টিতে কর্মরত স্বাস্থ্য ও কল্যাণমূলক সংস্থাসমূহের ফেডারেশন কোনটি? [জ্ঞান]
ক বিশেষ সামাজিক সংস্থা
খ সামাজিক সেবা বিনিময়
গ সমষ্টি কল্যাণ কাউন্সিল
ঘ কমিউনিটি চেস্ট **ঘ**

১০৩. '*Social Organization*' গ্রন্থের রচয়িতা কে? *[তেজগাঁও কলেজ, ঢাকা]*
ক সমাজবিজ্ঞানী কুলি খ সমাজবিজ্ঞানী নিমকফ
গ সমাজবিজ্ঞানী ম্যাকাইভার
ঘ এলিজাবেথ নিকোলডস **ক**

১০৪. চিত্তবিনোদনমূলক কাজের উন্নয়ন, পার্ক ও খেলার মাঠ তৈরি, শিশুদের জন্যে বিভিন্ন সুযোগ সৃষ্টি কোন সংগঠনের কাজ? [জ্ঞান]
ক প্রতিবেশী কাউন্সিল খ কমিউনিটি চেস্ট
গ সমন্বয় কাউন্সিল ঘ সমাজসেবা বিনিময় **ক**

১০৫. আন্তঃসম্পদ প্রক্রিয়ার লক্ষণীয় বৈশিষ্ট্য হচ্ছে— [অনুধাবন]
i. কর্মসূচি বাস্তবায়নের পরিবর্তে সমষ্টি জনগণের সিদ্ধান্ত গ্রহণ
ii. নিজস্ব প্রকল্প গড়ে তোলার ক্ষমতা ও দক্ষতা সৃষ্টি
iii. সমষ্টিতে পরিকল্পিত পরিবর্তন আনয়নের প্রতি বিশেষ গুরুত্বারোপ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১০৬. সংস্কারমূলক প্রক্রিয়ার ইতিবাচক দিক হলো— [অনুধাবন]
i. জনগণকে ঐক্যবদ্ধ করে বিভিন্ন কর্মসূচির অনুকূলে আনা
ii. কর্মসূচিতে জনগণের অংশগ্রহণ
iii. সহযোগিতা নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১০৭. কমিউনিটি চেস্টের কাজ হলো— [অনুধাবন]

i. এর মাধ্যমে সম্পদ আহরণ করা হয়
ii. প্রয়োজন মোতাবেক বিভিন্ন সংস্থায় আহরিত সম্পদ বণ্টন করা হয়
iii. আহরিত সম্পদ বিশেষ দলের মাঝে বণ্টন করা হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**★★ সমাজকর্মের মৌলিক পদ্ধতির আন্তঃসম্পর্ক, প্রশাসন ও সমাজকর্ম প্রশাসনের ধারণা, সমাজকর্ম প্রশাসনের উপাদান ও গুরুত্ব**

১০৮. সাধারণত বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করে সমস্যার কার্যকর সমাধানের প্রচেষ্টা চালায় নিচের কোনটি? [জ্ঞান]

ক সমাজকল্যাণ খ সমাজকর্ম
গ পৌরনীতি ঘ সমাজবিজ্ঞান **খ**

১০৯. 'সমাজকল্যাণ প্রশাসন হচ্ছে সামাজিক নীতিকে সামাজিক সেবায় রূপান্তরের এমন এক প্রক্রিয়া যার মাধ্যমে অভিজ্ঞতার আলোকে সামাজিক নীতির মূল্যায়ন ও সংশোধন করা হয়।' সংজ্ঞাটি কার? [জ্ঞান]

ক ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার খ সি এইচ কুলি
গ জন সি কিড়নি ঘ এইচ বি ট্রেকার **গ**

১১০. সমাজকর্মের পেশাগত জ্ঞান, দর্শন, নীতি ও কৌশলের আলোকে কী গড়ে ওঠে? [জ্ঞান]

ক সামাজিক গবেষণা খ সামাজিক কার্যক্রম
গ সমাজকর্ম প্রশাসন ঘ সামাজিক আন্দোলন **গ**

১১১. সামাজিক নীতিকে সমাজসেবায় পরিণত করার প্রক্রিয়া হলো— [জ্ঞান]

ক সামাজিক গবেষণা খ সমাজকর্ম প্রশাসন
গ সামাজিক জরিপ ঘ সামাজিক কার্যক্রম **খ**

১১২. সমাজকল্যাণ প্রশাসন জনগণের কল্যাণে সমবেত কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করে— [অনুধাবন]

i. সামাজিক নীতির আলোকে
ii. আইনের আলোকে
iii. দলীয় নীতির আলোকে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১১৩. সমাজকর্ম প্রশাসন প্রয়োজন — [অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল]

i. সামাজিক নীতি বাস্তবায়নে
ii. পরিকল্পনা প্রণয়নে
iii. মৌল ও সহায়ক পদ্ধতি প্রয়োগে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১১৪. সমাজকর্ম এজেন্সি বা প্রতিষ্ঠানের যেসব কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্যে প্রশাসনের ভূমিকা ব্যাপক তা হলো— [অনুধাবন]

i. পরিকল্পনা ও সম্পদ বণ্টন
ii. লক্ষ্য অর্জনের পন্থা নির্ধারণ
iii. নথিপত্র ও হিসাব সংরক্ষণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৫ ও ১১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সরাসরি সমাজসেবা কার্যক্রমের সাথে জড়িত। উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহায়তা করার জন্য পেশাদার সমাজকর্মের একটি পদ্ধতি সেখানে বিদ্যমান রয়েছে। পদ্ধতিটির বিভিন্ন ধরনের কাজ রয়েছে। তন্মধ্যে অন্যতম প্রধান কাজ হলো পরিকল্পনা প্রণয়ন, তত্ত্বাবধান, প্রেষণা দান ইত্যাদি।

http://teachingbd.com

১১৫. অনুচ্ছেদে সমাজকর্মের কোন পদ্ধতির প্রতি ইঙ্গিত করা হয়েছে? [প্রয়োগ]

ক সমাজকল্যাণ প্রশাসন
খ সমাজকর্ম গবেষণা
গ সামাজিক কার্যক্রম ঘ দল সমাজকর্ম **ক**

১১৬. উক্ত পদ্ধতির উল্লিখিত কাজের মাধ্যমে 'ক' প্রতিষ্ঠানের — [উচ্চতর দক্ষতা]

i. কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদিত হবে
ii. কর্মচারীরা দক্ষ জনশক্তিতে পরিণত হবে
iii. কর্মচারীরা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে কাজ সম্পাদন করবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

**★★ সামাজিক কার্যক্রম, সামাজিক কার্যক্রমের উপাদান, সামাজিক কার্যক্রম প্রক্রিয়া, সামাজিক কার্যক্রমের গুরুত্ব**

১১৭. 'সামাজিক কার্যক্রম হচ্ছে সামাজিক আইন বা সামাজিক প্রশাসনকে প্রভাবিত করে সামাজিক অগ্রগতি অর্জন এবং সামাজিক সমস্যা সমাধানের উদ্দেশ্যে পরিচালিত সংগঠিত দলীয় প্রচেষ্টা।' কার সংজ্ঞা? [জ্ঞান]

ক ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
খ কেনেথ প্রে
গ নরম্যান এ পোলানস্কি
ঘ ম্যারি রিচমন্ড **ক**

১১৮. ডব্লিউ এ ফ্রিডল্যান্ডারের মতে সামাজিক কার্যক্রমের উপাদান কয়টি? [জ্ঞান]

ক দুইটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি **গ**

১১৯. কোনটি সামাজিক আন্দোলনের প্রধান উপাদান? [জ্ঞান]

ক সুসংগঠিত সামাজিক কার্যক্রম
খ সুসংগঠিত সম্মিলিত কার্যক্রম
গ সুসংগঠিত দলীয় কার্যক্রম
ঘ সুসংগঠিত ব্যক্তিগত কার্যক্রম **গ**

১২০. '*Social Work Year Book*' এ সামাজিক কার্যক্রমের কয়টি উপাদানের উল্লেখ করেছে? *[সোহরাওয়ার্দী সরকারি কলেজ, ঢাকা]*

ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি **গ**

১২১. সামাজিক কার্যক্রম প্রক্রিয়ায় গবেষণার প্রথম ও প্রধান কাজ কী? [জ্ঞান]

ক জনগণকে সচেতন করা
খ পরিকল্পনা গ্রহণ করা
গ কুসংস্কার দূর করা
ঘ সমস্যা সম্পর্কে সার্বিক অনুসন্ধান করা **ঘ**

১২২. কোন স্তরে সামাজিক কার্যক্রম প্রক্রিয়ার সফলতা বা বিফলতা নির্ণয় করা হয়? [জ্ঞান]

ক সমস্যা চিহ্নিতকরণ খ গবেষণা
গ কার্যকরণ স্তর ঘ মূল্যায়ন **ঘ**

১২৩. সামাজিক কার্যক্রমের সাথে নিচের কোনটি অধিক সম্পর্কযুক্ত? *[অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল]*

ক সমাজসেবা খ সামাজিক আন্দোলন
গ সমষ্টি উদ্যোগ ঘ সামাজিক দল **খ**

১২৪. ডব্লিউ এ ফ্রিডল্যান্ডারের মতে সামাজিক কার্যক্রমের উপাদান হলো— [অনুধাবন]

i. সুসংগঠিত দলীয় কার্যক্রম
ii. সম্মিলিত প্রচেষ্টা iii. সামাজিক প্রচেষ্টা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com

১২৫. যেসব বিষয় সম্পর্কে জনগণকে সোচ্চার করে জনমত সৃষ্টি করতে সামাজিক কার্যক্রম ব্যাপক পদক্ষেপ গ্রহণ করে থাকে তা হলো— [অনুধাবন]

i. ক্ষতিকর ও অবাঞ্ছিত প্রথা
ii. রীতি-নীতি iii. প্রতিষ্ঠান

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১২৬. সমাজকর্মীরা যেসব কৌশলের মাধ্যমে সমস্যার মূল উৎপাটনে সামাজিক শিক্ষা ও গবেষণা পরিচালনা করে থাকে তার মধ্যে রয়েছে— [অনুধাবন]

i. মতবিরোধমূলক
ii. যুক্তিপূর্ণ আলোচনা
iii. পক্ষ সমর্থন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১২৭ ও ১২৮ নং প্রশ্নের উত্তর দাও:

সমাজকর্মের একটি ধারাবাহিক ও সুশৃঙ্খল পদ্ধতি রয়েছে। পদ্ধতিটির মূল লক্ষ্য হচ্ছে অবহেলিত, নিপীড়িত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক বৈষম্য দূর করা। এছাড়া নারী নির্যাতন, কিশোর অপরাধ, মাদকাসক্তি প্রভৃতি দূর করার জন্যেও পদ্ধতিটি কাজ করে থাকে।

১২৭. অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিটি নিচের কোনটিকে নির্দেশ করে? [প্রয়োগ]

ক সামাজিক কার্যক্রম খ দল সমাজকর্ম
গ সমষ্টি উন্নয়ন ঘ ব্যক্তি সমাজকর্ম **ক**

১২৮. উক্ত পদ্ধতির কার্যক্রমের মাধ্যমে সম্ভব— [উচ্চতর দক্ষতা]

i. আর্থ-সামাজিক সাম্য প্রতিষ্ঠা করা
ii. নারীদের অধিকার সংরক্ষণ করা
iii. দারিদ্র্য দূর করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

★ গবেষণা ও সামাজিক গবেষণা, সমাজকর্ম গবেষণা ও এর ধাপসমূহ, গবেষণা প্রস্তাবনা, সমাজকর্মের মৌলিক এবং সহায়ক পদ্ধতির পারস্পারিক সম্পর্ক

১২৯. 'গবেষণা হলো স্বীকৃত বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করে নতুন জ্ঞান সৃষ্টি বা কোনো সমস্যা সমাধানের লক্ষ্যে পরিচালিত কাঠামোগত অনুসন্ধান।' উক্তিটি কার? [জ্ঞান]

ক Marry E Macdonald
খ W. A Friedlander
গ Richard M Grinnell. Jr
ঘ Arthur Dunham **গ**

১৩০. গবেষণা হলো— *[সকল বোর্ড-২০১৫]*

ক কম্পিউটারের সাহায্যে কোনো কিছু খোঁজা
খ হারিয়ে যাওয়া গরু অনুসন্ধান
গ এলোপাথাড়ি খোঁজাখুজি
ঘ বিজ্ঞানভিত্তিক ও ধারাবাহিক অনুসন্ধান **ঘ**

১৩১. 'সামাজিক গবেষণা তথ্য সংগ্রহের সাথে সংশ্লিষ্ট যা সমাজের বিভিন্ন উপাদান সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে সাহায্য করে।' উক্তিটি কার? [জ্ঞান]

ক Pauline V Young খ Kenneth D Bailey
গ WA Friedlander ঘ John L Hill **খ**

Teachingbd.com

১৩২. 'গবেষণা হচ্ছে এমন এক সুশৃঙ্খল অনুসন্ধান যা প্রচলিত জ্ঞানভাণ্ডারকে প্রচারযোগ্য এবং যাচাইযোগ্য জ্ঞান দ্বারা সমৃদ্ধশালী করে' — গবেষণা সম্পর্কিত এ সংজ্ঞাটি কে দিয়েছেন? [জ্ঞান]
ক) নরম্যান এ পোলানস্কি
খ) আর্নেস্ট গ্রিনউড
গ) পলিন ভি ইয়ং
ঘ) ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার **ক**

১৩৩. সমাজকর্ম গবেষণার প্রথম ধাপ কোনটি? *[ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর]*
ক) তথ্য সংগ্রহ খ) সমস্যা নির্বাচন
গ) তথ্য বিশ্লেষণ ঘ) গবেষণার নকশা প্রণয়ন **খ**

১৩৪. সমাজকর্ম গবেষণার উৎপত্তি কী থেকে? [জ্ঞান]
ক) কৌতূহল থেকে
খ) প্রেষণা থেকে
গ) সমাজকর্মের অনুশীলন থেকে
ঘ) সমাজবিজ্ঞানের অনুশীলন থেকে **গ**

১৩৫. সমাজকর্ম পেশা ব্যক্তি বা প্রতিষ্ঠানের তথ্য গোপন করে অনুসন্ধান করে কীভাবে? *[দনিয়া কলেজ, ঢাকা]*
ক) গবেষণার মাধ্যমে খ) সেবার মাধ্যমে
গ) আলোচনার মাধ্যমে ঘ) প্রশিক্ষণের মাধ্যমে **ক**

১৩৬. সাধারণত সামগ্রিক গবেষণা কার্যের প্রথম ধাপ হিসেবে বিবেচনা করা হয় কোনটিকে? [জ্ঞান]
ক) গবেষণা প্রস্তাবনা খ) গবেষণার ধাপ
গ) গবেষণার উপাদান ঘ) গবেষণার নীতিমালা **ক**

১৩৭. সমাজকর্মের লক্ষ্য বহুলাংশে নির্ধারিত হয় বৈজ্ঞানিক বিবেচনার পরিবর্তে— [উচ্চতর দক্ষতা]
i. সমাজকর্মের যুক্তির আওতায়
ii. সমাজকর্মের দর্শনের আওতায়
iii. সমাজকর্মের মূল্যবোধের আওতায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

১৩৮. সমাজকর্ম গবেষণার তথ্য সংগ্রহের অধিক যৌক্তিক পদ্ধতি হলো— *[হামিদপুর আল-হেরা কলেজ, যশোর]*
i. সামাজিক জরিপ পদ্ধতি
ii. সাক্ষাৎকার পদ্ধতি
iii. পর্যবেক্ষণ পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

১৩৯. সমাধান প্রক্রিয়ার সফলতা বহুলাংশে নির্ভর করে সহায়ক পদ্ধতি বিশেষ করে— [অনুধাবন]
i. সামাজিক গবেষণার ওপর
ii. সামাজিক প্রশাসনের ওপর
iii. ব্যক্তি সমাজকর্মের ওপর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৪০ ও ১৪১ নং প্রশ্নের উত্তর দাও:

সামাজিক গবেষণার একটি সংস্করণ রয়েছে। সংস্করণটি ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা ও তার প্রতিকার সম্পর্কে বিজ্ঞানভিত্তিক পরীক্ষা ও তথ্য সংগ্রহ করে।

১৪০. অনুচ্ছেদে বর্ণিত সংস্করণটি নিচের কোনটির ইঙ্গিত বহন করে? [প্রয়োগ]
ক) গবেষণা
খ) সমাজকর্ম গবেষণা
গ) দল সমাজকর্ম
ঘ) সামাজিক কার্যক্রম **খ**

১৪১. উক্ত সংস্করণের মাধ্যমে— [উচ্চতর দক্ষতা]
i. ব্যক্তি ও দলের সমস্যা সমাধান সহজ হবে
ii. সামাজিক সমস্যা দেখা দেবে
iii. সমষ্টির উন্নয়ন ত্বরান্বিত হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

http://teachingbd.com